দৈনিক ইত্তেফাক

18 AUG 1987

৩

# অনার্স পরীক্ষা গ্রহণের দাবীতে আজ প্রতীক অনশন

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

১৯৮৫ সালের অনার্স পরীক্ষা গ্রহণের দাবীতে একদল অনার্স পরীক্ষার্থী আজ (মঙ্গলবার) জাতীয় প্রেস ক্লাবের সামনে ১২ ঘণ্টার প্রতীক অনশন কর্মসূচী গ্রহণ করিয়াছে। সকাল ১০টায় এই অনশন শুরু হইবে।

এদিকে স্থগিত এম, এ চূড়ান্ত পরীক্ষা গ্রহণের দাবীতে গণ-যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের পরীক্ষার্থীরা গতকাল প্রো-ভাইস চ্যান্সেলরের নিকট এক স্মারকলিপি পেশ করিয়াছে। উল্লেখ্য, এই বিভাগের পরীক্ষার্থীদের 'কমপ্রিহেনসিভ' নামে একটি পরীক্ষা স্থগিত রহিয়াছে।

অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার দাবীতে ছাত্র ইউনিয়ন গতকাল (সোমবার) টি, এস, সির সড়ক দ্বীপে এক সভার আয়োজন করে। সভায় বলা হয়, গুটিকতক অস্ত্রধারী ও বহিরাগতদের কাছে নতি স্বীকার করিয়া বিশ্ববিদ্যালয় ও শিক্ষা জীবন ধ্বংসের চক্রান্ত কোন মতেই মানিয়া নেওয়া যায় না। সভার ঘোষণায় বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে কর্তৃপক্ষের আশু পদক্ষেপ কামনা করা হয়। সভাশেষে সংগঠনের একটি মিছিল প্রশাসনিক ভবনে যায় এবং প্রো-ভাইস চ্যান্সেলর ডঃ এমাজ উদ্দিনের সহিত সাক্ষাৎ করে। প্রো-ভাইস চ্যান্সেলর এ সময় জানান, বিশ্ববিদ্যালয় খোলার ব্যাপারে প্রচেষ্টা অব্যাহত রহিয়াছে। তিনি এ ব্যাপারে সরকার, রাজনৈতিক নেতৃবৃন্দসহ সকল ছাত্র সংগঠনের ঐকান্তিক সহযোগিতা কামনা করিয়াছেন।

29